



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ০৩.১২.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৭ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৭। অদ্য ০৩ ডিসেম্বর দুপুর ২ টায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বেলায় উড়িয়ে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৭ উদ্বোধন করেন এবং উদ্বোধনী পর্বে অংশগ্রহণকারী খেলোয়াড়দের সাথে কুশলাদি বিনিময় করেন। এসময় উপাচার্য মহোদয় উপস্থিত খেলোয়ারদের উদ্দেশ্যে বলেন, খেলাধুলার মাধ্যমে একদিকে যেমন নিয়মানুবর্তিতা শেখা যায়, ঠিক তেমনি এর মাধ্যমে একে-অপরের মধ্যে পারস্পারিক ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা এবং সৌহার্দ্যপূর্ণ মনোভাব গড়ে ওঠে যা আগামী দিনে তোমাদেরকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে সহায়তা করবে। একাডেমিক কার্যক্রমের পাশাপাশি তোমাদেরকে বিভিন্ন সহশিক্ষামূলক কার্যক্রমে আরও বেশি সম্পৃক্ত হতে হবে। কেননা এ ধরনের সহশিক্ষা কার্যক্রম উন্নত শিক্ষা ব্যবস্থার একটি আবশ্যিক অংশ। উদ্বোধনী পর্বে বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ এবং ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক এবং ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মো: তারিকুল হক এর সঞ্চালনায় এ সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর (ভারপ্রাপ্ত) উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মো: ইব্রাহীম মোল্লা, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, গনিত বিভাগের চেয়ারম্যান হেনা রানী বিশ্বাস, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হক, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের চেয়ারম্যান ড. ধীমান কুমার রায়, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক মো. মাসুম সিকদার, ইংরেজি বিভাগের প্রভাষক সুমনা রাণী সাহা, উভয় বিভাগের শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপসহ দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। খেলায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগ জয়লাভ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস